তারিখ 20 SEP 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় সঙ্গীত গাওয়ানো হোক

বাংলাদেশের বেশিরভাগ শিক্ষাপ্রতিষ্ঠানে উন্মুক্ত জায়গার ঘাটতি আছে। গলা ছেড়ে গান গাওয়ার জন্য প্রাকৃতিক আবহাওয়ার অনুকূল সমর্থন সবসময় পাওয়াও যায় না। তাই শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সারা বছর মুক্ত ময়দানে খোলা আকাশের নীচে জাতীয় সংগীত গাওয়া হয়ে ওঠে না। কিন্তু ইচ্ছে করলে দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে সারা বছর জাতীয় সংগীত গাওয়ানো যেতে পারে। এজন্য সব রকম শিক্ষাপ্রতিষ্ঠানে শুধু প্রথম ঘণ্টাটিতে জাতীয় সংগীত গাওয়া বাধ্যতামূলক করা হোক। প্রথম ক্লাসের শুরুতে কয়েক মিনিট জাতীয় সংগীত গাওয়ার জন্যে বরাদ্দ রাখা যায়। এতে করে দেশপ্রেম জাগবে প্রতিটি শিক্ষার্থীর মধ্যে। দেশপ্রেম দীক্ষা দিলে সন্ত্রাসী কর্মকাণ্ড রোখা অনেকটা সহজ হবে।

**তোফায়েল হোসেন খান**
বিভাগীয় প্রধান, বাংলা,
গফরগাঁও সরকারি কলেজ, ময়মনসিংহ